আবেদন নিশ্চিতকরণ পত্র

(০১) নিশ্চিতকরণ ঃ- জনাব,আপনার পাঠানো/প্রাপ্ত–চাকরির আবেদন পত্র/জীবন বৃত্তান্ত,যাচাই-বাচাই এর প্রেক্ষিতে,আমাদের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আপনাকে (এরিয়া ম্যানেজার) হিসাবে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে প্রাথমিক ভাবে নির্বাচন করা হয়েছে। আপনাকে প্রতিদিন ০৮ ঘন্টা কর্ম করতে হবে সকাল ০৯ ঘটিকা হইতে বিকাল ০৫ ঘটিকা পযন্ত। নিম্নে উল্লেখিত সমস্ত বিষয় গুলো আপনার কাছে গ্রহণ যোগ্য বলে মনে হলে আগামী ২৮/০৮/২০১৪ ইং তারিখঃ রোজ বৃহস্পতিবার। দুপুর ১২.০০ ঘটিকা হইতে দুপুর ০২.৩০ ঘটিকার মধ্যে আমাদের নিম্নে বর্ণিত অফিসের ঠিকানায় আসবেন। **অফিস ঃ- বিটকো লজিস্টিক সাপোর্ট লিমিটেড, হাউজ # ৫৪ রোড # ০৬ নিকুঞ্জ-১ খিলক্ষেত** ঢাকা। আমাদের চাহিদা মোতাবেক ও শর্ত অনুযায়ী সব কিছু জমা দেওয়ার পর চূড়ান্ত ভাবে নিয়োগ প্রদান করা হবে। আপনি যদি চাকরি করতে অনিচ্ছুক হোন তা যদি আপনার ব্যক্তিগত/পারিবারিক সমস্যা জনিত বা অন্য যে কোন কারণে হয়,সেই ক্ষেত্রে আপনি আমাদের-কে মোবাইল/ই-মেইল এর মাধ্যমে অবশ্যই জানিয়ে দিবেন,তাহলে হয়তো আমরা অন্য কাউকে এই চাকরি-টা করার সুযোগ দিতে পারবো। উল্লেখিত তারিখের দিন যদি প্রাকৃতিক দূর্যোগ/বিলম্বে ই-মেইল প্রাপ্তি/অসুস্থতা/অথবা অন্য যে কোন সমস্যা জনিত কারণে আপনি ঐ দিন আসতে না পারেন তাহলে,তার পরের দিন দুপুর ১২.০০ ঘটিকা হইতে দুপুর ০২.৩০ ঘটিকার মধ্যে মধ্যে আসবেন। যথাযথ তারিখ এর আগে কোন প্রকার নিয়োগ করা হবে না,বিধায় অনুগ্রহ করে উল্লেখিত তারিখ এর আগে অফিসের সাথে সরাসরি নিয়োগ সক্রান্ত বিষয় নিয়ে কোন প্রকারের যোগাযোগ করিবেন না। বিলম্বে ই-মেইল পেয়ে থাকলে পরবর্তী নির্দেশনার জন্য সাপোর্ট ফোন/ ই-মেইল এ যোগাযোগ করিবেন।

(০২) কাজের ধরন ও কর্মস্থল ঃ- ঢাকা/নিজ জেলা পর্যায়ে আপনার নিজ বাসা/বাড়ি হতে কর্ম করতে পারবেন,যেখানে আপনার কাছে সবচেয়ে সুবিধা-জনক বলে মনে হয় সেখানে পোষ্টিং নিবেন। আপনি যদি নিজ জেলা এর মধ্যে চাকরি করতে আগ্রহী থাকেন,তাহলে আপনার কর্মস্থল হবে নিজ উপজেলা সহ আরো দুইটা উপজেলা এর মধ্যে,আমাদের প্রজেক্ট মোবাইল ফোন টাওয়ার মেইনটেইনন্স সেকশন এ। ঐ তিনটা উপজেলা এর মধ্যে আপনার আওতাধীন এলাকায় নিরাপত্তা প্রহরী/সুপারভাইজার/ইনচার্জ/যারা মাঠ পর্যায়ে কাজ করছেন তাদের ডিউটি রক্ষনা-বেক্ষন/সঠিক ভাবে তদারকী করতে হবে এবং সাপ্তাহিক একদিন ঢাকা অফিসে কাজের রিপোর্ট ই-মেইল এর মাধ্যমে পাঠাতে হবে। আপনি একেক দিন একেক এলাকায় সারপ্রাইজ ভিজিট ডিউটি করবেন,কোন সমস্যা হলে সমাধান কি ভাবে করা যায় আপনাকে উপায় বের করতে হবে,আপনি না পারলে আপনার উর্ধ্বতন কর্মকর্তার সহযোগিতা নিবেন,আপনার চাকরি-টা সম্পূর্ণ মাঠ পর্যায়ের। আপনি যদি ঢাকায় চাকরি করতে আগ্রহী থাকেন,তাহলে একটি নির্দিষ্ট এলাকার দায়ীত্ব দেওয়া হবে,কাজের ধরন ঐ একই রকম। আপনার কোন কাঙ্খিত জেলা/পছন্দের কোন এলাকা থাকলে আমাদেরকে অবহিত করবেন। আপনার পছন্দনীয় জেলা/এলাকায় কর্ম খালি থাকলে অবশ্যই আপনাকে সেই স্থানে যোগদান করার সুযোগ প্রদান করা হবে। ভবিষ্যতে আপনার আবাসস্থল পরিবর্তন হইলে সুবিধা জনক স্থানে কর্মখালী সাপেক্ষে আলোচনার মাধ্যমে বদলী হইতে পারিবেন।

(০৩) আপনার বেতন এবং সুযোগ-সুবিধাদী ঃ- কাজে যোগদান এর শুরু হতে মাসিক বেতন ১৮,৫০০/= (আঁঠার হাজার পাঁচশত) টাকা মাত্র। প্রতি ইংরেজী মাসের ০১ তারিখ হইতে ০৫ তারিখ এর মধ্যে বেতন প্রদান করা হয়,আপনার নিজস্ব ব্যাংক একাউন্ট এর মাধ্যমে বেতন উত্তোলন করিতে পারিবেন,যে কোন অনলাইন ব্যাংক/সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক এর একাউন্ট থাকলেই চলবে,আর না থাকলে একাউন্ট করে নিবেন। যাতায়াত খরচ পাবেন আপনার প্রয়োজন অনুযায়ী প্রতি সপ্তাহে বিল ভাউচার প্রদান সাপেক্ষে। মাসিক মোবাইল ফোন বিল ২,০০০/= (দুই হাজার) টাকা মাত্র। আন-লিমিটেড ইন্টারনেট সুবিধা পাবেন। দুই ঈদ এ দুইটা ঈদ বোনাস সহ একটি বাৎসরিক বোনাস। ছয়-মাস পর ১০% ইনক্রিমেন্ট হারে বেতন বৃদ্বি হবে। প্রযোজ্য ক্ষেত্রে ল্যাপটপ/ট্যাব সুবিধা দেওয়া হবে। আপনার শুক্রবার সাপ্তাহিক ছুটি,এ ছাড়াও বাৎসরিক ৩৬ দিন ছুটি পাবেন। অন্যান্ন সুযোগ-সুবিধাদী কোম্পানী আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

(০৪) আমাদের চাহিদা মোতাবেক আপনার কাগজ-পত্রাদী জমা দিন ঃ- আপনার নিকট বর্তমানে উপস্থিত শিক্ষাগত যোগ্যতার যে সমস্ত কাগজ পত্র আছে তা অফসেট কাগজে ফটোকপি করে নিয়ে আসবেন। জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ/চেয়ারম্যান/কমিশনার কর্তৃক দেয় নাগরিকত্বের সনদ/পাসপোর্ট,এর যে কোন একটির ফটোকপি জমা দিতে হবে এবং সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি জমা দিতে হবে। যে সব কাগজ পত্র আপনার নিকট এই মূহুর্তে উপস্থিত নেই,তা নিয়োগের পরেও জমা দেওয়ার সুযোগ পাবেন।

(০৫) ইন্টারভিউ/ভাইভা ঃ- আপনার নিকট চাকরি-টা মনবোত হলে আপনি সরাসরি যোগদান করতে পারবেন,আপনাকে কোন প্রকার ইন্টারভিউ দিতে হবে না। শুধু মাত্র ঐ দিন আপনার ভাইভা নেওয়া হবে এবং আপনার উপস্থিতি,কাগজপত্র,সরাসরি কথোপকথন,কাজের প্রতি আগ্রহ,মন-মানসিকতা,আপনার চাকরির চাহিদা কেমন সেইটা দেখবো। আপনার সমস্ত কিছু যদি আমাদের কাছে গ্রহণ যোগ্য বলে মনে হয়,তাহলে ঐ দিন আপনার কাছ থেকে নিম্নে বর্ণিত কলাম-০৬ এর সার্ভিস চার্জ ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা মাত্র,সহ আপনার কাগজ পত্র জমা নেওয়া হবে এবং সেই সময়েই রিক্রুটমেন্ট করে নেওয়া হবে। আপনি আমাদের নিকট মনবোত না হলে আপনার কাছ থেকে কোন কিছুই জমা নেওয়া হবে না। (আমাদের চাহিদা ও শর্ত অনুযায়ী পরিপূর্ণ প্রস্তুতি সহ সার্ভিস চার্জ সাথে নিয়ে আসতে হবে)। বেশীর ভাগ চাকরি প্রার্থী ঢাকায় ইন্টারভিউ দিতে আসতে চান না,কারণ যাতায়াত ভোগান্তি আর ইন্টারভিউ দেওয়ার মানে হলো চাকরির কোন নিশ্চয়তা নেই ! হতেও পারে আবার নাও হতে পারে,কাজেই একজন চাকরি প্রার্থী দূর থেকে টাকা পয়সা খরচ করে অনিশ্চয়তার মধ্যে ইন্টারভিউ দিতে আসতে চান না। বিধায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আমাদের প্রয়োজনের তাগিদে ইন্টারভিউ ছাড়াই এই নিয়োগ দেওয়ার সিদ্ধান্তে উপনিত হয়েছেন,এ ছাড়াও আমাদের কাজ সম্পর্কে আবেদনকৃত বেশির ভাগ প্রার্থীর কোন অভিজ্ঞতা নেই ! তাই ইন্টারভিউ নিচ্ছি না,সেই হিসাবে আপনি প্রাথমিক ভাবে নির্বাচিত প্রার্থী। অনভিজ্ঞদের প্রশিক্ষণের মাধ্যমে কাজ শিখিয়ে আমাদের কাজের উপযুক্ত করে গড়ে তুলবো। আমাদের নিকট কেবল মাত্র আপনার শিক্ষাগত যোগ্যতা গ্রহন যোগ্য হলেই আপনাকে চূড়ান্ত নিয়োগ প্রদান করা হবে। আপনি শারীরিক ভাবে গুরুতর অক্ষম হলে আপনার ক্ষেত্রে এই নিয়োগ প্রযোজ্য হবে না। আপনার শারীরিক সমস্যার কথা যদি ই-মেইল/মোবাইলে আমাদের অবহিত করেন,তাহলে এই বিভাগে নিয়োগ ব্যতীত,অন্যকোন বিভাগে আপনাকে আলোচনা সাপেক্ষে নিয়োগ দেওয়া যায় কিনা আমরা চেষ্টা করিব।

(০৬) ভেরিফিকেশন/প্রশিক্ষণ চার্জ/শর্ত সমূহ ঃ- প্রার্থী-কে ভালোভাবে জানার জন্য কোম্পানী হতে একটা ভেরিফিকেশন করা হয়,যেমন যে ঠিকানা ব্যবহার করা হয়েছে তা সঠিক কিনা,আপনার বিরুদ্ধে চলমান কোন মামলা-মোকদ্দমা আছে কিনা,আপনার শিক্ষাগত যোগ্যতা সঠিক কিনা ইত্যাদি। আপনার কাগজপত্র যাচাই-বাছাই প্রশিক্ষণের সময় আহার,বাসস্থান, ও অন্যান্ন খরচ সহ সর্ব সাকুল্য প্রায় ৫,০০০/-, ৬,০০০/- (পাঁচ হাজার থেকে ছয় হাজার) টাকা কোম্পানীর খরচ হতে পারে, যার ৫০% কোম্পানী বহন করে এবং ৫০% খরচ প্রার্থী-কে বহন করতে হয়,যাহাতে আপনার এবং কোম্পানীর উভয়েরই যেন কোন প্রকার সমস্যা না হয়। কাজেই আপনাকে সর্ব সাকুল্য সার্ভিস চার্জ ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা মাত্র। রিক্রুটমেন্ট করার সময় ঐ দিন অফিসে জমা দিতে হবে,কাজেই আসার সময় আপনাকে সার্ভিস চার্জ সঙ্গে করে নিয়ে আসতে হবে। সার্ভিস চার্জের বিপরীতে টাকার রশিদ পাবেন। আপনার মনে প্রশ্ন জাগতে পারে কোম্পানী সব কিছু বহন করতে পারে আর এই টুকু খরচ বহন করতে পারবে না ? কোম্পানী অবশ্যই করতে পারে,কিন্তু আমরা মানুষ হিসাবে সব সময় নিজেদের সুবিধা-ভোগের কথা চিন্তা করি। যখন সবকিছু কোম্পানী বহন করে এবং আপনি সহজেই পেয়ে যান,এখানে আপনি কোন ধরা-বাধা নিয়মের মধ্যে নেই ! বিধায় প্রশিক্ষণ বা কাজের প্রতি সঠিক মূল্যায়ন হয় না ! কাজেই আপনার জন্য এই ধরা-বাধা নিয়ম-টুকু তৈরী করা হয়েছে যাহাতে আপনি কাজের প্রতি মনযোগী হোন,কোম্পানীর ও কোন প্রকার ক্ষতিসাধিত না হয়।

(০৭) আপনার প্রশ্ন এবং আমাদের উত্তর ঃ- আপনার প্রশ্ন থাকতে পারে সার্ভিস চার্জ রিক্রুটমেন্ট হওয়ার/নিয়োগ পাওয়ার ২/৩ দিন পরে জমা দেওয়া যাবে কিনা ? অথবা চাকরির বেতন থেকে পরিশোধ করা যাবে কিনা না ? না যাবে না। ঐ দিন কাগজ পত্র জমা দেওয়ার সময় আপনাকে সার্ভিস চার্জ জমা দিতে হবে,এখানে কোন ছাড় দেবার বা সময় দেওয়ার কোন সুযোগ নেই। আপনার আরো প্রশ্ন থাকতে পারে যে, টাকা জমা দেওয়ার পর যদি প্রশিক্ষণে সফল না হই/কোম্পানী হতে যদি কাউকে বাদ দেওয়া হয় বা নিয়োগ না দেওয়া হয় তাহলে জমাকৃত সার্ভিস চার্জ ফেরৎ দেওয়া হবে কিনা ? হ্যা আমরা যদি কাউকে বাদ করি বা নিয়োগ না দেই তবে ১০০% টাকা ফেরৎ প্রদান করা হবে। আমরা আপনাকে এত-টুকু নিশ্চয়তা দিচ্ছি যে, রিক্রুটমেন্ট করার পর আমরা কাউকে (যদি কোন গুরুতর অপরাধ মূলক কর্মকান্ড) না করেন তবে বাদ করিব না। আর যদি আপনি ইচ্ছাকৃত ভাবে/প্রশিক্ষণ করতে না চান/আপনার ব্যক্তিগত যে কোন কারণে চাকরি করতে না চান তাহলে কোম্পানী আপনাকে সার্ভিস চার্জ ফেরৎ দিবে না। এখানে আমরা ১০০% কোম্পানী সমন্ধে এবং আমাদের কথা সহজ ভাবে উপস্থাপনের চেষ্টা করেছি। একজন মানুষ হিসাবে আপনার ভিন্ন অভিমত থাকতে পারে সেইটাই স্বাভাবিক ! ১০ জনের অভিমত কখনও এক রকমের হবে না ! ভিন্নতা থাকবেই। আমাদের কথা হলো আপনি যদি আমাদের সাথে একমত হতে পারেন তাহলে চাকরি করার মত মন-মানসিকতা নিয়ে আসবেন। ইংরেজী ভার্সন চাকরি প্রত্যাশী অনেকেই বাংলায় সঠিক ভাবে অনুবাদ করতে পারেন না,বিধায় সকলের সহজে বোঝার সুবিধার্থে সম্পুর্ণ বাংলা ব্যবহার করা হইল।

(০৮) প্রশিক্ষণ ঃ- আপনি একটি নতুন চাকরি করবেন,আপনার চাকরির কাজ সম্পর্কে যদি কোন ধারনা না থাকে তাহলে আপনি সেই কাজটি কখন-ই ভালো-ভাবে করতে পারবেন না এবং কখন-ই একজন সফল চাকরিজীবি হিসাবে কোম্পানীর নিকট নিজেকে প্রমাণ করতে পারবেন না। আপনার কাজ যেন আপনি ভালো-ভাবে করতে পারেন তার জন্য আপনাকে ঢাকার মধ্যে যে কোন এলাকায়/আমাদের যে কোন প্রজেক্ট এ মাঠ পর্যায়ে ১০ দিনের প্রশিক্ষণ ডিউটি গ্রহন করতে হবে,সেই ক্ষেত্রে আহার ও বাসস্থানের ব্যবস্থা কোম্পানী করে থাকে,এখানে আপনার আর অতিরিক্ত কোন খরচ বহন করতে হবে না এবং ঐ ১০ দিনেরও বেতন পাবেন। আপনার বাসা ঢাকার বাহিরে/যে কোন জেলায় হোক না কেন, ঢাকাতে ১০ দিন অবস্থান করে প্রশিক্ষণ নেওয়ার মত মন-মানসিকতা থাকতে হবে এবং আসার সময় আপনার প্রয়োজনীয় কাপড়-চোপড় সঙ্গে নিয়ে আসতে হবে। আপনি চাইলে ঐ দিন হতে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন (ঢাকার বাহিরের প্রার্থীর বেলায় প্রযোজ্য)। আর যদি আপনার বাসা ঢাকা-তে হয় তাহলে সঙ্গে কাপড়-চোপড় নিয়ে আসতে হবে না,আপনার সাক্ষাত এবং ঐ দিন রিক্রুটমেন্ট করার পর যোগদান এবং প্রশিক্ষণের সময় সূচী জানিয়ে দেয়া হবে। প্রশিক্ষণ শেষে আপনাকে আপনার পছন্দনীয় জেলা অথবা এলাকা-তে/ ঢাকায় (আলোচনার মাধ্যমে যেখানে আপনার জন্য সুবিধা জনক বলে মনে হয় সেখানে) শিক্ষানবিস হিসাবে দায়ীত্ব বুঝিয়ে দেওয়া হবে। হয়তো প্রশ্ন থাকতে পারে,আমি তো অন্য একটা প্রতিষ্ঠানে চাকরি করি এই মূহুর্তে প্রশিক্ষণে অংশ গ্রহণ করা সম্ভব না ! তবে যদি আমাকে ১০/১৫ দিনের সময় দেওয়া হয় তাহলে এই চাকরি-টা আমার পক্ষে করা সম্ভব হবে,কাজেই আমাকে সেই সুযোগ দেওয়া হবে কি ? হ্যা আপনার সমস্ত কাগজ পত্র সহ সার্ভিস চার্জ শর্তাবলী পূরণ করার পর আপনার প্রয়োজন অনুযায়ী ১০/১৫ দিন সর্বচ্চ ০১ মাস পর্যন্ত আপনি এই সুযোগটি পাবেন তার বেশি সময় পাবেন না।

(০৯) প্রতিষ্ঠান পরিচিতি ঃ- আমাদের প্রতিষ্ঠান বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত এবং জয়েন্ট-ষ্টক কোম্পানী হতে রেজিষ্ট্রিকৃত ইন্‌করর্পোরেশন সনদ নং সি-৬৪২০১ (১৬৯২)-০৬। আমাদের website: www.bitco24services.com। কারিগরী কিছু ত্রুটি-বিচ্যুতি মেরামত এবং সম্প্রসারনের কাজ চলছে তাই,আপনি এই মুহূর্তে website ভিজিট করতে পারছেন না ! আরো উন্নত প্রযুক্তি নিয়ে আমরা খুব শিঘ্রই ফিরে আসবো। সাময়িক অসুবিধার জন্য আমরা আন্তরিক ভাবে দুঃখিত। অত্র প্রতিষ্ঠান বহুমুখী কর্মকান্ড এর সাথে জড়িত,আমাদের প্রতিষ্ঠানের কর্ম কান্ড হচ্ছে-মোবাইল ফোন টাওয়ার নির্মাণ,জেনারেটর এর ডিজেল সাপ্লাই,নেটওয়ার্ক সংযোগের কাজ,মার্কেটিং ব্যবসা,মানব সম্পদ উন্নয়ন ও সরবরাহ সহ মোবাইল ফোন টাওয়ারের রক্ষনা-বেক্ষন এর কাজ করে আসছি। দেশের চলমান ০৩ টা সেলফোন কোম্পানী এর এজেন্সি হিসাবে ২০০৭ ইং হতে অদ্যবদি প্রযন্ত সুনামের সহিত কাজ করে আসছি,বাংলাদেশের প্রায় জেলাতে আমাদের নিয়োগ প্রাপ্ত কর্মচারী/কর্মকর্তা নিয়োজিত আছেন। আপনি আমাদের অধীনে মোবাইল ফোন টাওয়ার রক্ষনা-বেক্ষনের সেকশনে স্থায়ী ভাবে কাজ করবেন,বেতন সহ সমস্ত সুযোগ-সুবিধা আমরা বহন করিব।

(১০) নিয়োগ আরম্ব ঃ-

ক) আপনার এই নিয়োগ প্রশিক্ষণে যোগদানের তারিখ হইতে কার্যকর হইবে।

খ) আপনার শারীরিক যোগ্যতা,চরিত্র ও প্রাক-পরিচয় কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক হইতে হইবে।

(১১) শিক্ষানবিসকাল ঃ-

ক) ১০ দিনের প্রশিক্ষণ শেষে ০৩ মাস শিক্ষানবিস হিসাবে থাকিবেন (এখানে প্রদত্ত সকল সুবিধাদী সহ পূর্ণাঙ্গ বেতন পাবেন)। তবে শর্ত থাকে যে,নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত মেয়াদ প্রয়োজন মনে করিলে বৃদ্ধি করতে পারিবেন।

খ) কৃতকার্যের সহিত শিক্ষানবিসিকাল সমাপনের পর আপনার চাকরি স্থায়ী হিসাবে যোগদানের তারিখ হইতে কার্যকরী হইবে। কোম্পানির নিজস্ব প্যাড এ সিল মোহরকৃত এবং ব্যবস্থাপনা কর্তৃক স্বাক্ষরিত নিয়োগ পত্র পাবেন। কাজের স্বার্থে আপনার পদবী পরিবর্তন/পদোন্নতি করা যাইবে।

(১২) চাকরি অবসান ঃ-

ক) শিক্ষানবিসি থাকাকালীন সময়ে কর্তৃপক্ষের নিকট আপনার কার্যালাপ সন্তোষজনক বলে বিবেচিত না হলে ১ (এক) মাসের নোটিশ প্রদান পূর্বক আপনার চাকরি অবসান করা হইবে। সেক্ষেত্রে আপনার যাবতীয় পাওনাদি এবং কাগজপত্র কোম্পানী যথাসময়ে বুঝিয়া দিতে বাধ্য থাকিবে।

খ) ৩০ দিনের নোটিশ দান করিয়া উভয় পক্ষ চাকরির অবসান করিতে পারিবেন।

গ) প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম-শৃংখলা ভঙ্গ, অসদাচরন, অর্থ আত্নসাৎ,কর্তব্য অবহেলা, নারী ঘটিত ব্যাপারে লিপ্ত হইলে কিংবা কোন আদালত কর্তৃক দোষী বা সাজা প্রাপ্ত হলে বিনা নোটিশে তাৎক্ষনিকভাবে আপনাকে চাকরি হতে অব্যহতি দেওয়া হইবে।

ঘ) অত্র প্রতিষ্ঠান দেউলিয়া অথবা বিলুপ্তি ঘোষনা করা হইলে।

(১৩) অন্যান্য নিয়মাবলী ঃ-

ক) আপনার চাকরি কোম্পানি আইন এবং প্রতিষ্ঠানের প্রচলিত বিধি অনুযায়ী পরিচালিত হইবে।

খ) আপনি চাকরিকালীন সময়ে অত্র প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সম্পর্কে কোন গোপনীয় বিষয় এবং কোন রেকর্ড-পত্র প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তি বা কোন সংস্থার নিকট প্রকাশ বা হস্তান্তর করিতে পারিবেন না। এই নিয়মের ব্যতিক্রম হইলে তাৎক্ষনিকভাবে আপনাকে চাকরি হইতে অব্যহতি দেওয়া হইবে।

গ) আপনাকে নিয়োগদাতা কর্তৃপক্ষের বর্তমানে প্রচলিত ও ভবিষ্যতে প্রবর্তিত চাকরি বিধি মেনে চলতে হবে এবং কর্তৃপক্ষের মনোনীত প্রতিনিধির আদেশ, নির্দেশ মেনে এবং তাহাদের সন্তষ্টি মোতাবেক কর্তব্য পালন করতে হবে।

ঘ) নিয়োগপত্র প্রদানের পর বা চাকরি-তে যোগদানের পর কোন সময় আবেদন পত্রে প্রদত্ত তথ্য ও কাগজ পত্র মিথ্যা বা ভূয়া প্রমানিত হলে এই নিয়োগ সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে এবং কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারিবেন।

(১৪) আপনি যদি বর্তমানে কোন চাকরি-তে নিয়োজিত থাকেন,তবে অত্র প্রতিষ্ঠানে চাকরি-তে যোগদান করিবার সময় যদি সম্বব হয় প্রয়োজনীয় ছাড়পত্র দাখিল করিবেন।

উপরোক্ত সমস্ত শর্তাবলী আপনার নিকট গ্রহনযোগ্য হইলে প্রতিলিপিতে সম্মতি জ্ঞাপন সূচক স্বাক্ষর করিয়া নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন নিশ্চিতকরণ পত্রটি দাখিল করিতে হইবে। অন্যথায়, কোন নোটিশ ব্যতিরেকে আপনার এই আবেদন নিশ্চিতকরণ পত্রটি বাতিল বলিয়া গণ্য হইবে।

মো ঃ মাহমুদুল বারী

পূর্ণ নাম সহ যোগদানকারীর স্বাক্ষর

(পরিচালক প্রশাসন)

অফিস ঃ- **বিটকো লজিস্টিক সাপোর্ট লিমিটেড, হাউজ # ৫৪ রোড # ০৬ নিকুঞ্জ-১ খিল**ক্ষেত ঢাকা। লোকেশন ঃ কুড়িল বিশ্ব রোড নামার পর **নিকুঞ্জ-১ এ যে কোন রিক্সা-যোগে ৬নং রোডের পশ্চিম প্রান্তে আসবেন। ফোন ঃ-০১৯১১-৬৩৫০১১,** call use only 09am to 05 pm।

অনুরোধ ঃ- আসার সময় PDF এ দেওয়া কপি-টা অবশ্যই কালার প্রিন্ট করে সংঙ্গে নিয়ে আসবেন। Word doc fonts missing করতে পারে,তাই Word doc প্রিন্ট করবেন না।